উপ.জেলা পরিষদ
কেন্দুয়া, নেত্রকোণা

:-নোটিশ-:

স্মারক নম্বর: ০৫.৪৫.৭২৪৭.০০০.০০.০০০.২৫-৬২ তারিখ: ২১.০১.২০২৫ খ্রি.

কেন্দুয়া উপজেলা পরিষদের জানুয়ারি/২০২৫ মাসের মাসিক সাধারণ সভা আগামী ২৩ জানুয়ারি ২০২৫ খ্রি: রোজ বৃহস্পতিবার বেলা ০৩.০০ ঘটিকায় উপজেলা পরিষদ মিলনায়তনে অনুষ্ঠিত হবে।

উল্লেখ্য যে, সভা অনুষ্ঠানের অন্ততঃ ০৩ দিন পূর্বে কার্যপত্র এবং বিগত সভার সিদ্ধান্ত সমূহ (স্ব-স্ব অংশ) বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে দাখিল করতে হবে।

উক্ত সভায় সম্মানিত সদস্যবৃন্দসহ সংশ্লিষ্টদেরকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

সভায় আলোচ্য সূচী:

০১। পূর্ববর্তী সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ।
০২। এডিপি ও বিভিন্ন উন্নয়নমূলক কাজের বিষয়ে আলোচনা।
০৩। বিভাগীয় আলোচনা।
০৪। আইসিটি ও জন্ম-মৃত্যু নিবন্ধন বিষয়ক আলোচনা।
০৫। গ্রাম আদালত বিষয়ক আলোচনা।
০৬। হাটবাজার সংক্রান্ত।
০৭। বিবিধ আলোচনা।

২২/০১/২৫
(ইমদাদুল হক তালুকদার)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
কেন্দুয়া, নেত্রকোণা

স্মারক নম্বর: ০৫.৪৫.৭২৪৭.০০০.০০.০০০.২৫- তারিখ: ২১.০১.২০২৫ খ্রি.

বিতরণ কার্যার্থে:

........................................................ (সংশ্লিষ্ট সকল)
কেন্দুয়া, নেত্রকোণা।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ

১। জেলা প্রশাসক, নেত্রকোণা।
২। অফিস কপি।

২২/০১/২০২৫
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
কেন্দুয়া, নেত্রকোণা

## উপজেলা পরিষদ, কেন্দুয়া, নেত্রকোণা এর জানুয়ারি ২০২৫ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী:

সভাপতি : জনাব ইমদাদুল হক তালুকদার, প্রশাসক, উপজেলা পরিষদ, কেন্দুয়া, নেত্রকোণা।

সভার স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন।

সভার তারিখ : ২৩ জানুয়ারি ২০২৫ খ্রি.

সময় : বেলা ১২.০০ ঘটিকা

উপস্থিত সদস্যবৃন্দঃ পরিশিষ্ট: ক- দ্রষ্টব্য

অনুপস্থিত সদস্যবৃন্দঃ পরিশিষ্ট: খ- দ্রষ্টব্য

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর মুখ্য নির্বাহী কর্মকর্তা, কেন্দুয়া, নেত্রকোণাকে সভা পরিচালনার জন্য অনুরোধ জানানো হয়।

বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়।

অতঃপর সভার আলোচ্যসূচী অনুসারে আলোচনা করা হয় ও নিম্নবর্ণিত সর্বসম্মতি সিদ্ধান্ত সমূহ গ্রহণ করা হয়।

| ক্র:নং | দপ্তর/বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১. | উপজেলা প্রশাসন | উপজেলা নির্বাহী অফিসার সভায় সকলকে অবগত করেন যে, বিভিন্ন দপ্তরের সকল কর্মকর্তা-কর্মচারীদেরকে নির্ধারিত সময়ে অফিসে উপস্থিত ও প্রস্থান নিশ্চিত করার জন্য অনুরোধ করেন। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের বিভিন্ন কাযক্রমের উন্নতি হওয়ায় স্বাস্থ্য বিভাগকে ধন্যবাদ জানান তিনি আরো বলেন যে, এই সেবার মান অব্যাহত রাখতে হবে। মাসিক সাধারণ সভায় সংশ্লিষ্ট দপ্তরের দায়িত্বশীল কর্মকর্তাদের নির্ধারিত সময়ে উপস্থিত না থাকলে বিভিন্ন বিষয়ে আলোচনার সমাধান হয় না। | দপ্তর প্রধানগণ অফিসে নির্ধারিত সময়ে আগমন ও প্রস্থান নিশ্চিত করবেন। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের বিভিন্ন কাযক্রমের উন্নতি হওয়ায় স্বাস্থ্য বিভাগের সেবার মান অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |
| ২. | উপজেলা স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা সভায় জানান যে, সরকারি এ্যাম্বুলেন্স এর মাধ্যমে সাধারণ লোকজন সেবা পাচ্ছে। প্রাইভেট এ্যাম্বুলেন্স রাখার জন্য হাসপাতাল থেকে দুরে জায়গা নির্ধারণ করে দেওয়া হয়েছে। হাসপাতালের আশেপাশে পরিস্কার-পরিচ্ছন্ন করা হয়েছে। হাসপাতালে বিনা মুল্যে বিতরণের জন্য ঔষধ সরবরাহ বৃদ্ধি পেয়েছে। স্বাস্থ্য বিভাগের কাযক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের বিভিন্ন কাযক্রমের উন্নতি হওয়ায় স্বাস্থ্য বিভাগকে ধন্যবাদ জানানো হয়। নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা স্বাস্থ্য ও প: প: দপ্তর |
| ৩. | উপজেলা প্রাণী সম্পদ বিভাগ | উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা সভায় জানান যে, প্রাণিসম্পদ বিভাগের বিভিন্ন সম্প্রসারণ কাযক্রম যেমন কৃত্রিম প্রজনন, টিকা প্রদান, চিকিৎসা, ডিজিজ সার্ভিলেন্স, উঠান বৈঠক, ঘাস চাষ সম্প্রসারণ, খামার পরিদর্শন, বিভিন্ন ধরনের সচেনতামূলক ক্যাম্পেইন ইত্যাদি স্বাভাবিক ভাবে চলছে। প্রাণিসম্পদ ও ডেইরী উন্নয়ন প্রকল্পের আওতায় ভিএমসিসি (ভিলেজ মিল্ক কালেকশন সেন্টার) খুব শীঘ্রই চালু হচ্ছে এর মাধ্যমে বিভিন্ন কালেকশন সেন্টার থেকে দুধ সংগ্রহ ও বিপনন কাযক্রম চলমান থাকবে এবং ডেইরী হাব থেকে বিভিন্ন ধরনের দুগ্ধজাত পন্য তৈরী করে বাজারজাত করা হবে। এছাড়াও বিভাগীয় অন্যান্য কাযক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা |
| ৪. | উপজেলা কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, কেন্দুয়া উপজেলার বরাদ্দকৃত সার যেন অন্য উপজেলায় পাচার না হয় সে জন্য সকলের সহযোগিতা কামনা করেন। বোরো রোপণ কাযক্রম চলমান রয়েছে। কৃষি প্রণোদনা কাযক্রম: ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকের মাঝে বিনামূল্যে বীজ ও সার বিতরণ করা হয়েছে। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা কৃষি কর্মকর্তা |
| ৫. | উপজেলা মৎস্য বিভাগ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, কেন্দুয়া উপজেলায় ২২টি নিবন্ধিত হ্যাচারী থাকলেও বেশীর ভাগ হ্যাচারী বন্ধ রয়েছে। মৎস্যচাষীরা অনেক সময় ক্ষতিকর ঔষধ মাছ চাষে ব্যবহার করে যা মানবদেহে অনেক ক্ষতিকর প্রভাব ফেলে। এগুলো বন্ধে মোবাইল কোর্ট পরিচালনার জন্য অনুরোধ করেন। দপ্তরের কাযক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। আপাতত কোনো সমস্যা নেই। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা |
| ৬. | উপজেলা প্রকৌশল (এলজিইডি বিভাগ) | উপজেলা প্রকৌশলী সভায় বলেন যে, ১ম ও ২য় কিস্তিতে প্রাপ্ত অর্থসহ ৪র্থ কিস্তিতে ১,০৯,০৪,০০০/-(এক কোটি নয় লক্ষ চার হাজার) টাকা পাওয়া যাবে এই প্রত্যাশায় গত ২০জানুয়ারি ২০২৫তারিখের প্রকল্প বাছাই কমিটির সিদ্ধান্ত মোতাবেক প্রকল্প অনুমোদনের প্রস্তাব করেন। ২০২৪-২৫অর্থ বছরে এডিপি ও উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল সমন্বয়ে এডিপি পিআইসি ১৭টি মোট ৩২,০৮,০০০/- এবং এডিপি ০৮টি টেন্ডার প্যাকেজ ৭৬,৯৯,৪৮০/-এবং উন্নয়ন তহবিলে পিআইসি | ২০২৪-২৫ অর্থ বছররে এডিপি ও উপজেলা পষিদ উন্নয়ন তহবিল সমন্বয়ে সংযুক্তি রেজুলেশনের প্রকল্পগুলো অনুমোদিত। উপজেলা প্রকৌশলী প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন। উপজেলা. প্রকৌশলী, এলজিইডি, রাস্তাগুলো আইডিভুক্ত | প্রশাসক উপজেলা পরিষদ<br>উপজেলা নির্বাহী অফিসার<br>উপজেলা প্রকৌশলী (এলজিইডি) |

<table>
<tr><td></td><td></td><td>১৭টি মোট ২৯,৮৬,০০০/- এবং উন্নয়ন ০৯টি টেন্ডার প্যাকেজ ৭২,৩০,৪৬৮/ টাকার প্রকল্প বাছাই কমিটি কর্তৃক গ্রহণ করা হয় এবং ২০২৪-২৫ অর্থ বছরের এডিপি ও উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল সমন্বয়ে প্রকল্পগুলো অনুমোদনের জন্য সভায় প্রস্তাব করেন। প্রকল্প বাছাই কমিটির রেজুলেশন সংযুক্ত।<br>নিম্নোক্ত রাস্তাগুলো আইডিভূক্ত করার প্রস্তাব দেন।
<table>
<tr><th>আইডি নং</th><th>ইউনিয়নের নাম</th><th>স্কীমের নাম</th><th>প্রস্তাবিত দৈর্ঘ্য (কি: মি:</th></tr>
<tr><td>৩৭২৪ ৭৪০৯৯</td><td>সান্দিকোনা</td><td>(০৬০৭) হেনারগাতি চরখিদিরপুর সড়ক হতে কেন্দুয়া আঠারোবাড়ী সড়ক ভায়া হরিনগর পূর্বপাড়া রাস্তা।</td><td>১.৫০</td></tr>
<tr><td>৩৭২৪ ৭৪১০০</td><td>গড়াডোবা</td><td>(০৪০৬) গড়াডোবা বাজার বাড়ইগাঁও জিপিএস ভায়া গড়াডোবা মাঝপাড়া মসজিদ রাস্তা</td><td>৩.৫০</td></tr>
<tr><td>৩৭২৪ ৭৫২৫ ৬</td><td>বলাইশিমুল</td><td>(০৮০৮) কচুন্দরা ছবিলা পাকা রাস্তা হতে কবিচন্দ্রপুর নয়াপাড়া পাকা রাস্তা পযন্ত।</td><td>০.৫৮</td></tr>
<tr><td>৩৭২৪ ৭৫২৫ ৭</td><td>মাসকা</td><td>(০৭০২) সাতাশি জামে মসজিদ-পানগাঁও পাকা রাস্তা।</td><td>১.৫০</td></tr>
<tr><td>৩৭২৪ ৭৫২৫ ৮</td><td>মাসকা</td><td>(০৭০২) সাতাশি ফিশারির মোড়-সূচিয়া বিল রাস্তা।</td><td>১.২০</td></tr>
<tr><td>৩৭২৪ ৭৫২৫ ৯</td><td>চিরাং</td><td>(১১০৮) বড়তলা ঈদগাহ মাঠ-চৌধুরী বাজার ভায়া গোপালাশ্রম মীর বাড়ী</td><td>২.০০</td></tr>
<tr><td>৩৭২৪ ৭৫২৬ ০</td><td>আশুজিয়া</td><td>(০২০৭) ভগবতীপুর গ্রামীণ সড়ক</td><td>১.১৭</td></tr>
<tr><td>৩৭২৪ ৭৫২৬ ১</td><td>আশুজিয়া</td><td>(০২০৪) রামপুর বেখৈরহাটি রাস্তা থেকে কান্দাপাড়া</td><td>০.৮০</td></tr>
</table></td><td>করার যথাযথ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।</td><td></td></tr>
<tr><td>৭.</td><td>উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর</td><td>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় বলেন যে, ২০২৪-২৫ অর্থবছরের গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) এবং গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা/কাবিখা) সাধারণ ১ম ও ২য় পর্যায়ের বরাদ্দ পাওয়া গেছে। বরাদ্দ প্রাপ্ত অর্থ ও খাদ্যশস্য টিআর, কাবিটা বাস্তবায়ন পরিপত্র এবং উপজেলা গ্রমীণ অবকাঠামো সংস্কার ও রক্ষণারেক্ষণ কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক ইউনিয়ন ওয়ারী বিভাজন করে দেওয়া হয়েছে। টিআর কাবিটা/কাবিখা বরাদ্দ দিয়ে জরুরী ভিত্তিতে প্রকল্প তালিকা দাখিল করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। দপ্তরের অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলমান ।</td><td>উপযুক্ত প্রকল্প তালিকা দ্রুত সময়ের মধ্যে জমা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো।</td><td>প্রশাসক/চেয়ারম্যান সকল ইউপি, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা</td></tr>
<tr><td>৮.</td><td>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা</td><td>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, ২০২৪-২৫ চক্রের ডিডব্লিউবি কর্মসূচীর আওতায় ১৩টি ইউনিয়নের নতুন উপকারভোগী নির্বাচনের আবেদন খুব শ্রীঘ্রই অনলাইনে আবেদন শুরু হবে। মা ও শিশু সহায়তা ভাতার কাযক্রম চলমান রয়েছে। সংশ্লিষ্ট সকলকে ব্যাপক প্রচারণার জন্য অনুরোধ করেন। যেন প্রকৃত উপকারভোগী নির্বাচন করতে সহজ হয়।</td><td>২০২৪-২৫ চক্রের ডিডব্লিউবি কর্মসূচীর আওতায় ১৩টি ইউনিয়নের নতুন উপকারভোগী নির্বাচনের ব্যাপক প্রচারণার সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ও প্রশাসক/চেয়ারম্যান সংশ্লিষ্ট ইউপি</td></tr>
<tr><td>০৯.</td><td>উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ</td><td>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, ইউনিয়নে স্বাস্থ্যকেন্দ্রের সংখ্যা ০৪ টি। কেন্দ্রগুলো হলো কান্দিউড়া, গড়াডোবা, গড়া, নওপাড়া ইউনিয়ন স্বাস্থ্য ও প.ক.কেন্দ্র। উপজেলার মোট সক্ষম দম্পতি: ৬০৬৮৯। খাবার বড়ি গ্রহণকারী ২৮৯৮৭। ইনজেকটেবলস গ্রহণকারী ৪৫৩৫। কনডম গ্রহণকারী ২০৭৯। আই ইউ ডি গ্রহণকারী ১৫২১। ইম্প্লান্ট গ্রহণকারী ৪০৮৬ স্থায়ী পদ্ধতি পুরুষ ২০৭৯জন ও মহিলা ৪১৬৮জন। মোট পদ্ধতি গ্রহীতা ৬,২৪৭জন দম্পতি। পরিবার পরিকল্পনা বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে বলে সভায় জানান।</td><td>নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখতে হবে।</td><td>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা</td></tr>
</table>

| | | | | |
|---|---|---|---|---|
| | ...া শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় বলেন যে, দপ্তরের কাজ স্বাভাবিকভাবে চলমান আছে। নতুন বছরের বই সকলের হাতে পৌঁছে দেওয়া হয়েছে। প্রাইমারী পর্যায়ের ফুলবল খেলায় জেলা পর্যায়ে ছেলে ও মেয়ে দল চ্যাম্পিয়ান হয়েছে। অফিসে জনবলের কিছু সংকট রয়েছে ফলে উপজেলার সকল প্রাথমিক বিদ্যালয় নিয়মিত মনিটরিং করতে কিছুটা ব্যহত হচ্ছে। | জেলা পর্যায়ে ছেলে ও মেয়ে দল ফুটবল চ্যাম্পিয়ান হওয়া খেলোয়ার এবং প্রাইমারি শিক্ষক পরিবারকে অভিনন্দন জানানো হয়। নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা প্রশাসন ও উপজেলা শিক্ষা কর্মকর্তা |
| | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, দপ্তরের কাজ স্বাভাবিকভাবে চলমান আছে। নতুন বছরের বই সকলের হাতে পৌঁছে দেওয়া হয়েছে। আপাতত কোনো সমস্যা নাই। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা |
| ১২. | উপজেলা যুব উন্নয়ন অফিস | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, দপ্তরের কাযক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। ছাড়াও তিনি বিপুল পরিমাণ খেলাপী ঋণ আদায়ে সকল সম্মানিত জনপ্রতিনিধি ও বিভাগীয় কর্মকর্তার সদয় সহযোগিতা কামনা করেন। | খেলাপী ঋণ আদায়ের বিষয়ে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা করার সিদ্ধান্ত গৃহীত হয়। নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা ইউপি চেয়ারম্যান সকল |
| ১৩. | উপজেলা সমাজসেবা অফিস | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, ২০২৪-২৫ অর্থ বছরে প্রতিবন্ধী ভাতা প্রাপ্তির আবেদন কাযক্রম চলমান সমাপ্তি হয়েছে। বিধবা, বয়স্ক ভাতার নতুন কোনো কার্ড নেই। ভাতাভোগী ইতোমধ্যে যারা মৃত্যু বরণ করেছে তাদেরকে বাদ দিয়ে প্রতিস্থাপন করা যেতে পারে। বিধবা, বয়স্ক ভাতার তালিকা প্রত্যেক ইউনিয়নে দিয়ে দেওয়া হবে। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা সমাজসেব কর্মকর্তা ইউপি চেয়ারম্যান সকল |
| ১৪. | উপজেলা পল্লী উন্নয়ন অফিস | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, অত্র দপ্তর হতে ২০২৩-২৪ অর্থ বছরে ১,২০,০০,০০০.০০ টাকা ঋণ বিতরণ করা হয়েছে। বিতরণকৃত ঋণ কিস্তিতে আদায় হচ্ছে। দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে আপাতত কোনো সমস্যা নাই মর্মে সভায় জানান। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| ১৫. | পল্লী সঞ্চয় ব্যাংক | শাখা ব্যবস্থাপক(সিনিয়র অফিসার) পল্লী সঞ্চয় ব্যাংক সভায় জানান যে, বর্তমানে পল্লী সঞ্চয় ব্যাংকের সদস্য সংখ্যা ১৪,৩৩৪জন। ঋণ গ্রহীতা সদস্য সংখ্যা ৯,৭৭৭জন। পল্লী সঞ্চয় ব্যাংকের সামনে আগাত সেবা প্রত্যশিতদের পানি পান করার জন্য সুপেয় পানির ব্যবস্থা করার জন্য অনুরোধ করেন। দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান। আপাতত কোনো সমস্যা নেই মর্মে জানান। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য(অধিদপ্তর) সুপেয় পানি পান করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | শাখা ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক ও উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য (অধিদপ্তর) |
| ১৬. | উপজেলা সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় বলেন যে, উপজেলা সমবায় বিভাগের কাজ স্বাভাবিকভাবে চলমান রয়েছে। মোজাফরপুর আশ্রয়ন প্রকল্পের নতুন ঋণ আদায়ের হার ১০০%।পরবর্তীতে নির্মিত আশ্রয়ন প্রকল্পের এ পযন্ত ০৬টি সমিতি নিবন্ধিত হয়েছে। পুরাতন খেলাপি ঋণ আদায়ের জোর প্রচেষ্টা চলছে। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা সমবায় কর্মকর্তা |
| ১৭. | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর | সহকারী প্রোগ্রামার সভায় জানান যে, বর্তমানে স্মার্ট বাংলাদেশ মিশনে প্রত্যেকটি দপ্তরের ওয়েব পোর্টাল আপডেট করা খুবই জরুরি। কিন্তু আমাদের উপজেলার অনেক দপ্তর রয়েছে যেখানে ওয়েব পোর্টাল আপডেট করা নেই। তাই দ্রুত সময়ের মধ্যে স্ব স্ব দপ্তরের ওয়েব পোর্টাল আপডেট করার জন্য সংশ্লিস্ট দপ্তর প্রধানগনকে অনুরোধ করেন। তাছাড়া দপ্তরের অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলমান আছে। | খুব দ্রুত সময়ের মধ্যে সকল দপ্তরের ওয়েব পোর্টাল হালনাগাত করে উপজেলা নির্বাহী অফিসার বরাবর প্রতিবেদন প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। | সকল দপ্তর প্রধানগণ সহকারী প্রোগ্রামার |
| ১৮. | চেয়ারম্যান নওপাড়া ইউপি | চেয়ারম্যান নওপাড়া ইউপি সভায় জানান যে, অত্র ইউনিয়নের কাযক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | চেয়ারম্যান নওপাড়া ইউপি |
| ১৯. | প্রশাসক আশুজিয়া ইউপি | প্রশাসক আশুজিয়া ইউপি সভায়, ১৪৩১ বাংলা সনের রামপুর বাজার উন্নয়ন তহবিলের ১৫%টাকা হইতে রামপুর বাজারে জনস্বার্থে নিম্নোক্ত প্রকল্প সমূহ পিআইসির মাধ্যমে বাস্তাবায়নের জন্য সভায় অনুমোদনের জন্য প্রস্তাব করেন।<br>১. রামপুর তেলিগাতী রাস্তার পিছনে তমালের পুকুর পাড় হতে রফিকুলের বাড়ির পিছন পযন্ত পানি নিষ্কাশনের জন্য পাইপ স্থাপন প্রকল্প।<br>২. রামপুর বাজারে মাছ মহালে মটর স্থাপন, পানির লাইন সরবরাহ ও মটরের নিরাপত্তা বেষ্টনির জন্য লোহার খাঁচা নির্মাণ প্রকল্প।<br>৩. রামপুর গরুর বাজারের উত্তর পশ্চিম পার্শ্বে বকুল মিয়ার ক্ষেত সংলগ্ন মটর স্থাপন, পানির লাইন সরবরাহ ও মটরের নিরাপত্তা বেষ্টনির জন্য লোহার খাঁচা নির্মাণ প্রকল্প। | নীতিমালা অনুযায়ী প্রকল্প বাস্তবায়ন ও অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসক উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী (এলজিইডি) প্রশাসক আশুজিয়া ইউপি |

| | | | | |
|---|---|---|---|---|
| | প্রশাসক মাস্কা ইউপি | প্রশাসক মাস্কা ইউপি সভায়, ১৪৩১ বাংলা সনের মাসকা বাজার উন্নয়ন তহবিলের ১৫%টাকা হইতে মাস্কা বাজারে জনস্বার্থে নিম্নোক্ত প্রকল্প সমূহ পিআইসির মাধ্যমে বাস্তাবায়নের জন্য সভায় অনুমোদনের জন্য প্রস্তাব করেন।<br>১. মাসকা বাজারের পূর্বপাশের রাস্তা আর.সি.সি ঢালাই-পার্ট-০১<br>২. মাসকা বাজারের পূর্বপাশের রাস্তা আর.সি.সি ঢালাই-পার্ট-০২<br>৩. মাসকা বাজারের পূর্বপাশের রাস্তা আর.সি.সি ঢালাই-পার্ট-০৩<br>৪. মাসকা বাজারের পূর্বপাশের রাস্তা আর.সি.সি ঢালাই-পার্ট-০৪<br>৫. মাসকা বাজরের পূর্বপাশে ল্যাট্রিন ও প্রস্রাবখানা নির্মাণ-পার্ট-০১<br>৬. মাসকা বাজরের পূর্বপাশে ল্যাট্রিন ও প্রস্রাবখানা নির্মাণ-পার্ট-০২<br>৭. মাসকা বাজরের পূর্বপাশে ল্যাট্রিন এর ট্যাংকি নির্মাণ-পার্ট-০১<br>৮. মাসকা বাজরের পূর্বপাশে ল্যাট্রিন এর পাশে সাবমারসিবল মটর স্থাপন | নীতিমালা অনুযায়ী প্রকল্প বাস্তবায়ন ও অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসক উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী (এলজিইডি) প্রশাসক মাস্কা ইউপি |
| ২০. | প্রশাসক গড়াডোবা ইউপি | প্রশাসক গড়াডোবা ইউপি সভায় জানান যে, বিদ্যাবল্লভ বাজার থেকে গড়াডোবা ইউপি রাস্তয় অনেক মরা ও ঝড়ে পরা গাছ রয়েছে সেগুলো পার্শ্ববর্তী জমির উপরে পরে থাকায় জমির মালিকগণদের চাষাবাদ করতে সমস্যা হচ্ছে। এগুলো যথাযথ প্রক্রিয়ার মাধ্যমে কর্তন ও নিলামে বিক্রির করার প্রস্তাব করেন। | উপজেলা প্রকৌশলী(এলজিইডি)/ উপজেলা বন কর্মকর্তা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | উপজেলা প্রকৌশলী (এলজিইডি)/উপজেলা বন কর্মকর্তা/ প্রশাসক গড়াডোবা ইউপি |
| বিবিধ -১ | | উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক, উপজেলা পরিষদ নিম্নোক্ত খরচগুলো অনুমোদনের প্রস্তাব করেন। ০১. উপজেলা পরিষদ হলরুমে ব্যবহারের জন্য চেয়ার ক্রয় প্রকল্পের বিল বাবদ ১,৬০,০০০/- চেক নং-৭৫৭৫৮২৭ মূলে জনাব কামরুজ্জামান চৌধুরী, প্রশাসক, মোজাফরপুর ইউপি, কেন্দুয়া, নেত্রকোণাকে প্রদান। সেই সাথে ভ্যাট ও আয়কর বাবদ ৩০,০০০/- ও ১০,০০০/-টাকা প্রদান করা হয়। ০২. উপজেলা পরিষদের মসজিদের সামনে ও মেইন গেইটে ০২টি এস এস স্টীলের পকেট গেইট মেরামত খরচের বিল বাবদ ২১,০০০/-চেক নং-৭৫৭৫৮৩০মূলে জনাব কাউসার, উপজেলা পরিষদকে প্রদান। সেই সাথে ভ্যাট ও আয়কর বাবদ ১,৮০০/- ও ১,২০০/- টাকা প্রদান করা হয়। ০৩. উপজেলা পরিষদ হলরুমেরর সামনে বেসিন, আয়না ও আনুসাঙ্গিক কাজের বিল বাবদ ২১,৮৭৫/-চেক নং-৭৫৭৫৮৩৩মূলে জনাব রঞ্জু মিয়া, অফিস সহায়ক, উপজেলা পরিষদকে প্রদান। সেই সাথে ভ্যাট ও আয়কর বাবদ ১,৮৭৫/- ও ১,২৫০/-টাকা প্রদান করা হয়। | ০১ নং ক্রমিকের খরচকৃত অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের আসবাবপত্র ক্রয় খাত হতে, ০২ ও ০৩ নং ক্রমিকের খরচকৃত অর্থ উপজেলা পরিষদের বাসাবাড়ি মেরামত খাত হতে খাত হতে ব্যয় মেটানোর সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসক, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৩/০১/২০২৫

(ইমদাদুল হক তালুকদার)
প্রশাসক
উপজেলা পরিষদ
কেন্দুয়া, নেত্রকোণা।
তারিখ: ২৩ জানুয়ারি ২০২৫ খ্রি.

স্মারক নং ০৫.৪৫.৭২৪৭.০০৯.০৬.০০২.২৪-৬৭

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ
১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
২। জেলা প্রশাসক, নেত্রকোণা ।

২৩/০১/২০২৫

(ইমদাদুল হক তালুকদার)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
কেন্দুয়া, নেত্রকোণা।
তারিখ: ২৩ জানুয়ারি ২০২৫ খ্রি.

স্মারক নং ০৫.৪৫.৭২৪৭.০০৯.০৬.০০২.২৪-৬৭
অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ
১। উপজেলা ........................................ কর্মকর্তা, কেন্দুয়া, নেত্রকোণা ।
২। প্রশাসক/চেয়ারম্যান ........................................ ইউনিয়ন পরিষদ (সকল), কেন্দুয়া, নেত্রকোণা।
৩। অফিস কপি।

২৩/০১/২০২৫

উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
কেন্দুয়া, নেত্রকোণা